

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ওয়েবসাইট : www.bangladeshbank.org.bd

এ এম এল সার্কুলার নম্বর : ২৩

তারিখ : ২৩ ফেব্রুয়ারী, ২০১০

প্রধান নির্বাহী
সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

৩০ এপ্রিল ২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের KYC Procedures সম্পন্নকরণ প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে ২৪ জুলাই, ২০০৫ তারিখের এ এম এল সার্কুলার নম্বর : ৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

Guidance Notes on Prevention of Money Laundering এর ৫.১২.১ অনুচ্ছেদ মোতাবেক ৩০ এপ্রিল, ২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের ক্ষেত্রে KYC Procedures সম্পন্ন করার সর্বশেষ সময় ৩১ জানুয়ারী, ২০১০ নির্ধারিত ছিল। নির্ধারিত সময়ের মধ্যে যে সকল হিসাবের KYC Procedures সম্পন্ন করা সম্ভব হয়নি, সে সকল হিসাবের গ্রাহকদের সাথে যথাযথভাবে পত্র পাঠিয়ে এবং অন্যান্য ভাবে যোগাযোগ করে ৩১ মার্চ, ২০১০ এর মধ্যে KYC Procedures সম্পন্ন করতে হবে। যে সকল হিসাবের KYC Procedures সম্পন্ন করা সম্ভব হবে না সে সকল হিসাব ৩১ মার্চ, ২০১০ তারিখের পর হতে 'সুপ্ত' (Dormant) হিসাবে চিহ্নিত করতে হবে। এসকল সুপ্ত হিসাব হতে গ্রাহক কোন অর্থ উত্তোলন করতে পারবেন না তবে জমাদান করতে পারবেন। সুপ্ত হিসাব নিয়মিত করনের জন্য গ্রাহক শাখা ব্যবস্থাপকের কাছে লিখিত আবেদন করলে ব্যাংক উক্ত গ্রাহকের KYC Procedures সম্পন্ন করে হিসাব নিয়মিত করতে পারবে।

অনুগ্রহপূর্বক এই সার্কুলারের প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(ম. মাহফুজুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯